দৈনিক ইত্তেফাক

তারিখ ..03.FEB.1997 ... ..
পৃষ্ঠা · ১ কলাম ·· ৫ ·····

# ঢাকা ভার্সিটির অনার্সে আসন বৃদ্ধি করা হইবে না

আনোয়ার আলদীন ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে অনার্স শ্রেণীতে আসন সংখ্যা বৃদ্ধি করা হইবে না। আগামী ৪ঠা এপ্রিল হইতে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হইবে। ফার্মেসী ও আইন অনুষদের নূতন দুইটি ইউনিট-

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

( ১ম পৃঃ পর )

সহ ৬টি ইউনিটেই এমসিকিউ (মাল্টিপোল চয়েস কোশ্চেন্স) পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হইবে। ভর্তি ফরম বিতরণ ও জমা নেওয়া হইবে ১০ই মার্চ হইতে ২৫শে মার্চ পর্যন্ত। গতকাল ( রবিবার ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন কমিটির এক সভায় এই ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।

জানা গিয়াছে, দেশের মেডিকেল কলেজসমূহ ও বুয়েটে ভর্তি প্রক্রিয়া শুরু হইতে বিলম্ব হওয়ার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়েরও ভর্তি প্রক্রিয়া বিলম্ব করা হইতেছে। দেখা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তির পর বিজ্ঞানের ছাত্ররা বুয়েট কিংবা মেডিকেলে সুযোগ পাইলে চলিয়া যায়। ফলে বছরের মাঝামাঝি আসিয়া বিশ্ববিদ্যালয়ের অনেক আসন শূন্য হইয়া পড়ে যাহা পূরণ করার সুযোগ থাকে না। জানা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষ হইতে মাষ্টার্স প্রিলিমিনারী শ্রেণীতে ভর্তি বন্ধ করিয়া দেওয়ার ফলে বিশ্ববিদ্যালয়ের অনার্সে আসন সংখ্যা বৃদ্ধি করার সম্ভাবনা থাকিলেও ক্লাস কক্ষের স্থান সংকুলানের অভাবে এবং শিক্ষক সংকটের কারণে আসন বৃদ্ধি করা সম্ভব হয় নাই। অবশ্য গত শিক্ষাবর্ষে কলা অনুষদে শতকরা ১০ ভাগ আসন বৃদ্ধি করিয়া ভর্তি পরীক্ষা নেওয়া হইয়াছিল।